

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২১ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ/ ০৬ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৫.২২—গত ১০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ সকালে  
গাজীপুর জেলার টঁজী বিসিক শিল্পনগরীতে ট্যাম্পাকো ফয়েলস কারখানায় বয়লার বিক্ষেপণের ফলে  
সৃষ্ট ভয়াবহ অগ্নিকাণ্ডে ৩৯জন নিহত এবং ৩৬জন আহত হন। তন্মধ্যে শনাক্তকৃত ৩১টি মৃতদেহ  
নিকটাত্ত্বাদের নিকট হস্তান্তর করা হয়। আহত ব্যক্তিগণ বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

২। দেশবাসীর সঙ্গে একাত্ম হয়ে এ মর্মান্তিক দুর্ঘটনায় নিহত ব্যক্তিগণের জন্য গভীর শোক ও দুঃখ  
প্রকাশ এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে, তাঁদের শোকসন্তুষ্ট পরিবারের সদস্যদের প্রতি  
গভীর সমবেদন জানিয়ে এবং আহত ব্যক্তিবর্গের দ্রুত সুস্থতা কামনা করে মন্ত্রিসভার ১৮ আশ্বিন  
১৪২৩/০৩ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(১৫১৯১)

মূল্য : টাকা ৮.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাৱ

ঢাকা: ১৮ আশ্বিন ১৪২৩  
০৩ অক্টোবর ২০১৬

গত ১০ সেপ্টেম্বর ২০১৬ তাৰিখ সকালে গাজীপুৰ জেলার টঙ্গী বিসিক শিল্পনগৰীতে ট্যাম্পাকো ফয়েলস কারখানায় বয়লার বিস্ফোরণের ফলে সৃষ্টি ভয়াবহ অগ্নিকাণ্ডে ৩৯জন নিহত এবং ৩৬জন আহত হন। তন্মধ্যে শনাক্তকৃত ৩১টি মৃতদেহ নিকটাঞ্চীয়দের নিকট হস্তান্তর কৰা হয়। আহত ব্যক্তিগণ বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

এ দুর্ঘটনার সংবাদ প্রাপ্তিৰ সঙ্গে সঙ্গে মাননীয় প্রধানমন্ত্ৰী শেখ হাসিনার সাৰ্বিক নির্দেশনায় সর্বাত্মক উদ্বার ও চিকিৎসা কাৰ্যক্রম শুৰু কৰা হয়। তৎপৰিপ্ৰেক্ষিতে গাজীপুৰ জেলা প্ৰশাসনেৰ তত্ত্বাবধানে বাংলাদেশ সেনাবাহিনীৰ ইঞ্জিনিয়ারিং কোরেৱ স্বতন্ত্ৰ ইঞ্জিনিয়ারিং ব্যাটালিয়ন, এসডিবিউও (পশ্চিম), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জেলা পুলিশ, শিল্প পুলিশ, সিটি করপোৱেশন ও জেলা স্বাস্থ্য বিভাগ সম্মিলিতভাৱে নিষ্ঠা, দক্ষতা ও পেশাদারিহেৱে সঙ্গে উদ্বার তৎপৰতায় অংশগ্ৰহণ কৰে এবং পৰিস্থিতি নিয়ন্ত্ৰণে আনয়নসহ সংশ্লিষ্ট সকল বিষয়ে প্ৰয়োজনীয় ব্যবস্থা গ্ৰহণ কৰে।

এ দুর্ঘটনার পৰি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্ৰাণ মন্ত্রণালয়েৰ পক্ষ হতে নিহত ব্যক্তিগণেৰ পৰিবাৱৰ্বণ ও আহতজনদেৱ মধ্যে ত্ৰাণ সহায়তা প্ৰদান কৰা হয়। এছাড়া, শ্ৰম ও কৰ্মসংস্থান মন্ত্রণালয় থেকে নিহত ও আহতজনদেৱ মধ্যে আৰ্থিক সহায়তা প্ৰদানেৱ ঘোষণা কৰা হয়।

মন্ত্রিসভা দেশবাসীৰ সঙ্গে একাত্ম হয়ে এ মৰ্মান্তিক দুর্ঘটনায় নিহত ব্যক্তিগণেৰ জন্য গভীৰ শোক ও দুঃখ প্ৰকাশ কৰে তাঁদেৱ আআৱ মাগফেৱাত কামনা কৰছে। মন্ত্রিসভা এ দুর্ঘটনায় আহত ব্যক্তিবৰ্গেৰ দুত সুস্থতা কামনা কৰছে। মন্ত্রিসভা হতাহতদেৱ পৰিবাৱেৰ শোকসন্তপ্ত সদস্যদেৱ প্ৰতি গভীৰ সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপ্ৰিচালক, বাংলাদেশ সরকাৰি মুদুশালয়, তেজগাঁও, ঢাকা কৰ্তৃক মুদ্ৰিত।

মোঃ আলমগীৰ হোসেন, উপপ্ৰিচালক, বাংলাদেশ ফৱম ও প্ৰকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কৰ্তৃক প্ৰকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)